



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
তেরখাদা, খুলনা।  
E-mail: [urdotarakhanda@brdb.gov.bd](mailto:urdotarakhanda@brdb.gov.bd)

ফোন : ০৪০২৯-৫৬০২৮  
মোবাইল : ০১৯৯১১৩২৬৫৪

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর সেবা নির্দেশিকা (সিটিজেন চার্টার)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে আপনি যেসব সেবা ও সহযোগিতা পেতে পারেন :

- প্রাথমিক সমিতি/দল (পুরুষ/মহিলা) গঠন, ঋণ গ্রহণে পরামর্শ প্রদান ও এতদসংক্রান্ত যাবতীয় তথ্য এবং ফরম সরবরাহ।
- সদস্যদের শেয়ার ও সঞ্চয় আমানত সংগ্রহের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে সহায়তাকরণ।
- সমিতির সদস্যগণকে সহজ শর্তে কৃষি উৎপাদন ও কৃষি উপকরণের জন্য (সার, বীজ, কীটনাশক এবং সেচ যন্ত্রপাতি) ঋণ প্রদান, (ক) সোনালী ব্যাংকের মাধ্যমে কৃষি ঋণ ও (খ) আবর্তক ক্ষুদ্র ঋণ।
- সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি (পপ্রপ্র), আদর্শ গ্রাম প্রকল্প-২ আওতায় অনানুষ্ঠানিক দল গঠন এবং উৎপাদনমুখী ও আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডের জন্য ঋণ প্রদান।
- আনুষ্ঠানিক সদস্যদের নিবন্ধনের পরপরই এবং অনানুষ্ঠানিক দল গঠনের ৮ (আট) সপ্তাহ পর সদস্যদের ঋণ প্রদান করা হয়।
- সমবায়ীদের উৎপাদিত শস্যের বাজারজাতকরণের সুযোগ সৃষ্টি এবং ন্যায্য মূল্যে প্রাপ্তিতে সহায়তা।
- নারীর ক্ষমতায়ন ও নারী নেতৃত্ব বিকাশে সচেতনতা বৃদ্ধি, নারী নির্যাতন রোধ ও যৌতুক প্রথা নির্মূলে সচেতনতা সৃষ্টিতে সহায়তা।
- সদস্যদের বয়স্ক শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা ইত্যাদি বিষয়ে পরামর্শ ও সেবা।
- বৃক্ষরোপন ও স্যানিটেশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি কল্পে পরামর্শ ও সহযোগিতা।
- বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নামমাত্র সেবামূল্যের বিনিময়ে ঋণ প্রদান।
- গ্রামীণ দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সহযোগিতা প্রদান এবং গ্রামীণ নেতৃত্বের বিকাশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ।
- উপজেলা অফিসের কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ থাকলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নিকট উত্থাপন করা হলে তার প্রতিকার করা হবে।
- উপজেলায় বসবাসরত যে কোন ব্যক্তিকে সেবা সংক্রান্ত তথ্য প্রদানে এ অফিস প্রতিশ্রুতিবদ্ধ।

আজই আপনি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সাথে যোগাযোগ করে আপনার অর্থনৈতিক ও সামাজিক অবস্থা পরিবর্তনের সুযোগ নিন। বিআরডিবি আপনাদের সেবায় নিয়োজিত।